গাংনীতে পেঁয়াজ চাষিদের

বিনামুল্যে পেঁয়াজ বীজ ও উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার আগ্রহী গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষিদের
মাঝে বিনামুল্যে পেঁয়াজ বীজ,সার ও পলিথিন বিতরন করা হয়েছে।

২০২৫- ২৬ অর্থ বছরের খরিপ-২ মৌসুমে কৃষি প্রণোদনার আওতায় উপজেলার ৮ হাজার কৃষকদে পেঁয়াজ বীজ, রাসায়নিক সার, পলিথিনসহ বিভিন্ন উপকরণ বিতরন কাজের উদ্বোধন করা হয়।

আজ সোমবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা কৃষি অফিস চত্বরে প্রণোদনা বিতরনের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ পরিচালক শায়খুল ইসলাম, গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা মতিয়র রহমান. উপজেলা কৃষি সম্প্রসারন কর্মকর্তা আরাফাত মিয়াসহ উপসহকারি কৃষি কর্মকর্তাগণ।

প্রণোদনায় প্রতিজন কৃষক পেয়েছেন এক কেজি পেয়াঁজ বীজ, এক কেজি কীটনাশক, দুই কেজি পলিথিন দশ কেজি ডিওপি ও দশ কেজি এমওপি সার।

মুজিবনগরে কৃষকদের

গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ বিতরণের উদ্বোধন

মুজিবনগরে ২০২৪-২৫ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের উদ্দেশ্য পেঁয়াজ বীজ বিতরণের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ রবিবার সকালে উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে, উপজেলার ৩ হাজার ৫শত কৃষকের মাঝে এই বীজ

বিতরণের উদ্বোধন করা হয়।

বীজ বিতরণ অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বীজ বিতরণের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ও ওমর ফারুক প্রিন্সসহ উপজেল উপসহকারী কৃষি কর্মকর্তা বৃন্দ।

২০২৪-২৫ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় উপজেলার ৩ হাজার ৫ শত কৃষকের মাঝে ১ কেজি পেঁয়াজ বীজ, ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার, ৫০ গ্রাম ওজনের ১পেকেট কীটনাশক এবং ১০০ ফুটের এক পিস পলিনেট বিতরণ করা হবে।